

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,
বার্তা সম্পাদক

মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

১৫-০৬-২০১৯

গতকাল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে নিজেদের পূর্ব নির্দিষ্ট কর্মসূচী পালন করার সময় শিক্ষকদের যেভাবে শিক্ষাকর্মী ও ছাত্রদের একাত্ম দীর্ঘক্ষণ ঘেরাও করে রাখে এবং অত্যন্ত আপত্তিকর ভাষা ব্যবহার করে সারাক্ষণ শ্লোগান দিয়ে যায়, সমিতি তার তীব্র নিন্দা করছে। এই ঘটনার জন্য যেভাবে ছাত্রছাত্রীদের পরীক্ষা বানচাল করা হয় অধ্যাপক সমিতি সে বিষয়েও গভীর উদ্বেগ প্রকাশ করছে।

অধ্যাপক সমিতি মনে করে এই ঘটনা বিচ্ছিন্ন ঘটনা নয়, বিগত বেশ কিছু বছর ধরে শিক্ষাঙ্গনে যে নারকীয় অত্যাচার চলছে, এ তারই সাম্প্রতিকতম উদাহরণ।

সমিতি এই দুষ্কৃতিদের অবিলম্বে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছে এবং এই বিশ্ববিদ্যালয়সহ রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সম্মান নিয়ে কাজের পরিবেশ রক্ষা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে উপযুক্ত কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছে।

ধন্যবাদান্তে -



(কেশব ভট্টাচার্য্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪